



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ২৮ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বাদ আছর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও মিলাদ অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের কাছে আশীর্বাদস্বরূপ। বঙ্গবন্ধুকে হত্যার পর জাতির কাছে যোগ্য নেতৃত্ব ছিল না। আমাদের দেশ বর্তমানে বিশ্বে যে ঈর্ষনীয় অবস্থানে রয়েছে তা কেবল তাঁর নেতৃত্বের ফলেই সম্ভব হয়েছে। তিনি বঙ্গবন্ধুর অসমাপ্ত স্বপ্ন বাস্তবায়ন এবং দেশের মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছেন। আমরা তাঁর জন্য দোয়া করবো যাতে তিনি দেশকে আরও সামনে এগিয়ে নিতে পারেন।

পরে মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালানা করেন কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম মাওলানা মতিউর রহমান।

দোয়া ও মিলাদ মাহফিলে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, ছাত্র উপদেশ নির্দেশনা পরিচালক, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, দপ্তর প্রধানগণ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, কর্মচারী সমিতির নেতৃবৃন্দ, কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দসহ বাংলাদেশ ছাত্রলীগ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শাখার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

রেজিস্ট্রার